**অতিব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.০০০০.০০০.২০.০০১.১৫ 2260

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৩
২১ সেপ্টেম্বর ২০১৬

**পরিপত্র**

বিষয়ঃ **বার্ষিক উন্নয়ন কর্মসচি (এডিপি) এর আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দকৃত অর্থের বন্টন, বরাদ্দকৃত অর্থে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত।**

সরকারি অর্থের সদ্ব্যবহার, সুষ্ঠু তদারকি নিশ্চিতকরণ এবং যথাসময়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ সম্পন্ন করার লক্ষ্যে জেলা পরিষদের অনুকূলে এডিপির বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য ইতোপূর্বে জারীকৃত সকল নির্দেশনা/নীতিমালা বাতিলক্রমে নিম্ন বর্ণিত নির্দেশনা দেয়া হলো ঃ

২। সাধারণ বরাদ্দ উপখাতের আওতায় প্রকল্প গ্রহণ কালে 'জেলা পরিষদ আইন, ২০০০' এর ৩০ ধারা অনুযায়ী মাননীয় সংসদ সদস্যগণ পরামর্শদান করতে পারবেন;

৩। বরাদ্দকৃত অর্থ আয়তন, জনসংখ্যা ও অনগ্রসরতা বিবেচনায় উপজেলাওয়ারী বরাদ্দ প্রদান করতে হবে:

৪। প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রথমেই জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন চলমান প্রকল্পে অর্থ বরাদ্দ করতে হবে। দ্বিতীয় পর্যায়ে 'জেলা পরিষদ আইন, ২০০০' এর তফসিলে বর্ণিত কার্যাবলীর আওতায় মাঠ পর্যায়ে যথাযথভাবে যাচাইক্রমে জনগুরুত্বসম্পন্ন ও আশু প্রয়োজনীয় প্রকল্পসমূহ গ্রহণ করতে হবে:

৫। এডিপি বরাদ্দকৃত অর্থ হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার নীচে কোনও প্রকল্প গ্রহণ করা যাবে না। তবে শিক্ষা, সেনিটেশন ও গুচ্ছ প্রকল্পের ক্ষেত্রে এটি শিথিল যোগ্য হবে।

৬। ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্কলনের সামাজিক প্রকল্প/প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যাবে। ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার অধিক যে কোন প্রকল্প বিধিমোতাবেক দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে;

৭। প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন সংক্রান্ত জারীকৃত নীতিমালার আলোকে শুধুমাত্র সামাজিক/শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যাবে। তবে ঐসকল প্রকল্পে কোন অবস্থাতেই এডিপির মোট বরাদ্দের ৪০ শতাংশের বেশী অর্থ বরাদ্দ করা যাবে না। এছাড়া রাস্তা, ব্রীজ, কালভার্ট নির্মাণের মত কারিগরি প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না;

৮। বরাদ্দ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভা আহবান করতঃ ২০(বিশ) কার্যদিবসের মধ্যে প্রকল্প তালিকা চূড়ান্ত সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপিসহ (সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষরযুক্ত হাজিরা বিবরণীসহ) প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে;

৯। সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্পস্থানে জনসাধারণের অবগতির জন্য জেলা পরিষদ '...... 'এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত বাক্যটি লিখে ফলক লাগাতে হবে। গৃহীত প্রকল্প/প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট এলাকার গুরুত্বপর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

১০। প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে জেলা পরিষদের কর্মকর্তাবৃন্দ প্রকল্পসমূহ সরজমিনে পরিদর্শন করবেন ও বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবেন;

১১। প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে তথ্য আপলোড ও আপডেট করতে হবে।

১২। প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণে কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৩। প্রকল্প বাস্তবায়নে সংশোধিত প্রাক্কলন প্রণয়ন করে প্রকল্প ব্যয় বৃদ্ধির প্রবনতা যতদুর সম্ভব পরিহার করতে হবে।

১৪। আংশিকভাবে/পর্যায়ক্রমে প্রকল্প প্রস্তাব প্রেরণ পরিহার করতে হবে।

**১৫। প্রতি অর্থ বছরের ৩০ জুন এর মধ্যে এডিপি বরাদ্দকৃত/সাশ্রয়কৃত সমুদয় অর্থে আবশ্যিকভাবে প্রকল্প গ্রহণ করতে হবে। প্রকল্প গ্রহণ ব্যতিত কোন অর্থ অব্যয়িত রাখা যাবেনা।**

২১/১/২০১৩

(ইফ্‌ফাত আরা মাহমুদ)
যুগ্মসচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

বিতরণ ঃ

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।
২. পরিচালক, স্থানীয় সরকার ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল/ ময়মনসিংহ বিভাগ।
৩. প্রশাসক, জেলা পরিষদ-------------------- ( ৩টি পার্বত্য জেলা ব্যতীত ৬১ জেলা পরিষদ)।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা,-------------------- ( ৩টি পার্বত্য জেলা ব্যতীত ৬১ জেলা পরিষদ)।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।